# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

=====================================================

১) পুলিশ জোয়ানের দেশের প্রতি সর্বোচ্চ বলিদানকে স্মরণ করে সমগ্র দেশে পুলিশ স্মৃতি দিবস পালন / নতুন দিল্লির পুলিশ স্মারকে অনুষ্ঠিত কার্যসূচিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের অংশগ্রহণ।

২) রাজ্যের পাঁচটি বিধানসভা উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের তৎপরতা ক্রমশ বৃদ্ধি/ বঙ্গাইগাঁও বিধানসভা আসনে অগপ-র দিপ্তীময়ী চৌধুরীকে মিত্রজোটের প্রার্থীত্ব প্রদান।

৩) কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী নীতিন গাডকারীর নতুন দিল্লিতে উত্তর-পূর্বাঞ্চলের জাতীয় সড়ক প্রকল্পসমূহের কাজের অগ্রগতির পর্যালোচনা।

এবং

৪) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য অনলাইন পোর্টালের মাধ্যমে পপত্র পূরণের দিন ঘোষণা।

-------------------------------------------------------------------------------------

দেশ ও জাতির জন্য প্রাণ আহুতি দেওয়া জোয়ানদের স্মরণ করে সমগ্র দেশে আজ পুলিশ স্মৃতি দিবস পালন করা হয়েছে ।এ উপলক্ষে আজ স্বরাষ্ট্র মন্ত্রী

অমিত শাহ্ কর্তব্যের সময় নিজেদের প্রাণ আহুতি দেওয়া অমর জোয়ান শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ্ বলেন যে এই দিবসে পুলিশ কর্মী ও তাদের পরিবারের করা ত্যাগকে সম্মান জানানো হয় । দেশের জন্য তাদের করা ত্যাগের জন্য স্বরাষ্ট্র মন্ত্রী আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

শ্রী শাহ্ আজ সকালে নতুনদিল্লীর জাতীয় পুলিশ স্মারকে পুষ্পাঞ্জলি অর্পণ করেন ও পুলিশ স্মৃতি দিবস উপলক্ষে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করেন ।

শ্রী শাহ বলেন যে ৩৬ হাজার ৪৬৮ জন পুলিশ কর্মী কর্তব্যরত অবস্থায় সর্বোচ্চ বলিদান দিয়েছেন । তিনি বলেন যে গত এক বছরে ২১৬ জন পুলিশ কর্মী প্রাণ আহুতি দিয়েছেন ।স্বরাষ্ট্র মন্ত্রী বলেন যে বিগত ১০ বছরে বীর জোয়ানদের প্রচেষ্টায় জম্মু কাশ্মীর , উত্তর পূর্বাঞ্চল ও মাওবাদী সন্ত্রাসবাদের দ্বারা প্রভাবিত অঞ্চলগুলিতে শান্তি ফিরিয়ে আনা হয়েছে । তিনি বলেন তিনটি নতুন অপরাধমূলক আইন এটা সুনিশ্চিত করবে যে দেশের অপরাধ আইন ব্যবস্থা যেন বিশ্বের মধ্যে আধুনিকরুপে পরিগণিত হয় ।

এদিকে প্রাণ আহুতি দেওয়া এই জোয়ানদের স্মরণ করে আসাম পুলিশ আজ কাহিলীপারার চতুর্থ আসাম পুলিশ বেটেলিয়ানে পুলিশ স্মৃতি দিবস পালন করেছে । এই দিবসের কার্যসূচীতে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য , পুলিশ সঞ্চালক প্রধান জি পি সিং , পুলিশ কমিশনার দিগন্ত বরা সহ শীর্ষ আধিকারকরা উপস্থিত ছিলেন ।অনুষ্ঠানে রাজ্যপাল শ্রী আচার্য পুলিশ জোয়ানদের প্রতি গভীর শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে বলেন যে চলতি বছরে সমগ্র দেশে ২১৪ জন কর্তব্যরত পুলিশ জোয়ানের মৃত্যু হয় ।এর মধ্যে আসামের ও ছজন জোয়ান প্রাণ আহুতি দিয়েছিলেন ।দেশের প্রতি এধরণের সর্বোচ্চ বলিদানের জন্য জোয়ানদের আজকের দিনটিতে স্মরণ করা হয়েছে বলে শ্রী আচার্য মন্তব্য করেন ।এদিকে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা পুলিশ স্মৃতি দিবসের আজকের দিনটিতে জোয়ানদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে সামাজিক মাধ্যমে আইন শৃঙ্খলা রক্ষা ও নাগরিক সুরক্ষা সুনিশ্চিত করা দিবারাত্র কর্তব্যরত পুলিশদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারত বৈশ্বিক ভবিষ্যৎ গড়ে তোলার ক্ষেত্রে অগ্রণী ভুমিকা গ্রহণ করেছে ।একটি বেসরকারী সংবাদ সংস্থা আয়োজিত বিশ্ব শীর্ষ সম্মেলনে ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন ।প্রধানমন্ত্রী কোভিড ১৯ , বিশ্ব অর্থনীতি , মুদ্রাস্ফীতি , বেকার সমস্যা ,জলবায়ু পরিবর্তন ইত্যাদি বিষয়গুলোর উপর আলোকপাত

করেন ।এন ডি এ সরকারের তৃতীয় কার্যকালের মাত্র ১২৫ দিনেই ৯ লক্ষ কোটি টাকার পরিকাঠামো প্রকল্পে অনুমোদন জানানো হয়েছিল এবং ১৫ টি নতুন বন্দেভারত রেল চালু করা হয়েছিল বলে প্রধানমন্ত্রী জানান ।দেশে ৮ টি বিমানবন্দরের নির্মাণ কাজ আরম্ভ হয়েছে বলে উল্লেখ করে তিনি বলেন যে ৫ লক্ষ ঘরের ছাদে সৌর প্রকল্প স্থাপন করা হয়েছে এবং ৯০ কোটির ও বেশী গাছের চারা রোপন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকারের উড়ান প্রকল্প ভারতের বিমান পরিবহন ক্ষেত্রের পরিবর্তন এনেছে ।প্রকল্পটির অষ্টম বর্ষপূর্তী উপলক্ষে প্রধানমন্ত্রী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এই প্রকল্পটি বিমানবন্দর ও বিমান পথের সংখ্যা বৃদ্ধি করা সহ বিমান যাত্রা সহজ করে তুলেছে । বানিজ্যিক বৃদ্ধির ক্ষেত্রেও এই প্রকল্পের প্রভাব পরিলক্ষিত হচ্ছে বলে তিনি জানান ।

--------------------------------------------------------------------------------

রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ নির্বাচনের জন্য রাজনৈতিক তৎপরতা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে । এদিকে ক্ষমতাসীন বিজেপি তিনটি আসনে প্রার্থীর নাম ঘোষনা করার বিপরীতে কংগ্রেস দল ও চারটি আসনের জন্য দলীয় প্রার্থীর নাম আনুষ্ঠানিকভাবে ঘোষনা করেছে । উপনির্বাচনের জন্য ৩২ নম্বর বঙাইগাও বিধানসভা আসনে অগপর হয়ে দিপ্তীময়ী চৌধুরীর নাম চূড়ান্ত করা হয়েছে ।অসম গন পরিষদ দলের সভাপতি অতুল বরা দলীয় প্রার্থী হিসেবে শ্রীমতী চৌধুরীকে মনোনীত করেন । উপনির্বাচনে পাচটি আসনে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট জয়লাভ করবে বলে আজ মন্ত্রী শ্রী কেশব মহন্ত বরপেটায় সাংবাদিকদের বলেন ।মন্ত্রী বঙাইগাও এ অসম গণ পরিষদের প্রার্থী বিপুল ভোটে জয়লাভ করবে বলে দাবী করেন ।এদিকে ক্ষমতাসীন বিজেপি মিত্রজোট সামাগুড়ি আসনে জয়লাভ করবে বলে দাবী করে শ্রী মহন্ত বিরোধী পক্ষের মূল্যবোধহীন নির্বাচনী প্রচারের তীব্র সমালোচনা করেন । অন্যদিকে উপনির্বাচনের জন্য ইউ পি পিএল ও সিদলী আসনের জন্য নির্মল কুমার ব্রহ্মকে বিজেপি মিত্রজোটের প্রার্থী হিসেবে ঘোষনা করেছে ।

--------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় পথ পরিবহন ও জাতীয় সড়ক দপ্তরের মন্ত্রী নীতিন গাড়কারী আজ নতুনদিল্লীতে উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোতে অব্যাহত থাকা জাতীয় সড়কগুলোর কাজকর্মের অগ্রগতির খোজখবর নেন ।মন্ত্রী শ্রী গাড়কারী আজ এক বৈঠকে মিলিত হয়ে এই প্রকল্পগউলো নির্ধারিত সময়ে সম্পূর্ণ করার ওপর গুরুত্ব আরোপ করেন ।তিনি বলেন যে এই প্রকল্প সমুহ রূপায়ন করার ফলে উত্তরপূর্বাঞ্চলের পরিবহন ও

অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের প্রতিশ্রুতিবদ্ধতাকে বাস্তবায়িত করবে ।শ্রী গাড়কারী আজ সংসদীয় পরিক্রমা মন্ত্রী কীরেণ রিজিজুর উপস্থিতিতে অরুণাচল প্রদেশের ৪২৩ কিলোমিটারেরও বেশী ১৫ টি জাতীয় সড়ক , মণিপুরের ৮০৮ কিলোমিটার ৩৮ টি জাতীয় সড়ক প্রকল্পের কাজকর্মের খোজ খবর নেন ।এই বৈঠকে অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু , মণিপুরের মুখ্যমন্ত্রী এন বীরেণ সিং উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ ২০২৫ সাকলে অনুষ্ঠেয় হাইস্কুল শিক্ষান্ত পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য অনলাইন পোর্টেলের মাধ্যমে প্রপত্র পূরণ করার দিন ঘোষণা করেছে ।এই অনুসারে sebaregistretion.org পোর্টেলের মাধ্যমে আগামী ২৩ শে অক্টোবর অর্থাৎ আগামী বুধবার থেকে ১৪ ই নভেম্বর পর্যন্ত প্রপত্র পূরণ করা যাবে বলে পর্ষদের সচিব জানিয়েছেন ।এদিকে অনলাইন মাশুল জমা দেবার শেষ দিন ১৫ ই নভেম্বর ধার্য করা হয়েছে ।অনুরূপভাবে ১৮ নভেম্বর পর্যন্ত চালানের অর্থ জমা দেওয়া যাবে ।অনলাইন সংশোধনীর জন্য ৩০ শে নভেম্বর শেষ দিন ধার্য করা হয়েছে । বিস্তারিত বিবরণ ওয়েব সাইটে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

বদরপুর পুলিশ সরকারী চাকুরী দেওয়ার নাম করে বিভিন্ন লোকের কাছ থেকে অর্থ আদায়ের অভিযোগে দুজনকে গ্রেপ্তার করেছে ।তাদের বিরুদ্ধে বদরপুর থানায় মামলা দায়ের করা হয়েছে ।আমাদের করিমগঞ্জ সংবাদদাতা জানিয়েছেন যে আব্দুল সামাদ ও আখতার হুসেন নামে দুই ব্যক্তি নিজেদেরকে শিক্ষা বিভাগের কর্মী পরিচয় দিয়ে বিভিন্ন লোকের কাছ থেকে সরকারি চাকুরী দেওয়ার নাম করে অর্থ আদায় করে আসছিল ।বদরপুর পুলিশ গতকাল তাদেরকে গ্রেপ্তার করতে সক্ষম হয় ।

---------------------------------------------------------------------------------

আজ বিশ্ব অয়োডিনের অভাবজনিত ত্রুটি প্রতিরোধ দিবস ।আয়োডিনের অভাবে হওয়া বিভিন্ন শারীরিক ত্রুটি সমুহ প্রতিরোধ করার ক্ষেত্রে সচেতনতা সৃষ্টি করার উদ্দেশ্যে এই দিবস পালন করা হয় ।এই দিবসের মূল লক্ষ্য হচ্ছে সুস্বাস্থ্য বজায় রাখার ক্ষেত্রে আয়োডিনের অপরিহার্য ভূমিকা সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা ।

---------------------------------------------------------------------------------

পূর্ত বিভাগের ধলাই ও সোনাই টেরিটোরিয়াল সড়ক ডিভিশনের কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে বিগত বন্যায় বিশেষভাবে ক্ষয়ক্ষতির জন্য গোবিন্দপুর থেকে সোনাবাড়ীঘাট পর্য্যন্ত সড়কের প্রায় তিনশ মিটার অংশে সব ধরনের যান চলাচল বন্ধ

থাকবে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত এই সড়ক দিয়ে সব ধরনের যান চলাচল বন্ধ থাকবে ।

---------------------------------------------------------------------------------

ভারতীয় কৃষক শ্রমিক মহাসমিতির কাছাড় জেলা সমিতির পক্ষ থেকে তাপাং খন্ড উন্নয়ন এলাকায় প্রধানমন্ত্রী আবাস যোজনায় দূর্নীতি প্রতিরোধে আজ জেলা আয়ুক্তের কাছে স্মারক পত্র দেওয়া হয়েছে । সমিতির পক্ষ থেকে প্রধানমন্ত্রী আবাস যোজনার দূর্নীতির তদন্ত করে বিহিত ব্যবস্থা গ্রহনের দাবী জানানো হয়েছে । স্মারক পত্র প্রদানকালে প্রতিনিধি দলে বিংগু প্রজা , রঞ্জন তন্তুবায় , ধনঞ্জয় উরাং প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে শারীরিকভাবে অক্ষম প্রাক্তন সৈনিক যাদের চলাফেরা করার জন্য হুইল চেয়ার , এডজাষ্টেবল বেড , ওয়াকিং স্টিক এবং হিয়ারিং এইড-এর প্রয়োজন তাদেরকে জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে আগামী ২৬শে অক্টোবরের মধ্যে আবেদন করতে বলা হয়েছে । বিশদ বিবরন জেলা সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------

অল আসাম ইলেকট্রিসিটি কনজুমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে গতকাল সন্ধ্যায় ধোয়ারবন্দ বাজার ও বারিক নগরে দুটি পথসভার আয়োজন করা হয়েছে । সংগঠনের ধোয়ারবন্দ আঞ্চলিক কমিটির সভাপতি মোহন মালার পৌরহিত্যে আয়োজিত সভায় অবিলম্বে স্মার্ট মিটার বাতিল করার দাবী জানিয়ে কমিটির উপদেষ্টা নির্মল কুমার দাস , সদস্য গৌর চন্দ্র দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------------